# অপ্রকৃতিস্থ

আমি কি উন্মাদ ? ---এই প্রশ্ন বারবার
আবির্ভূত হয়েছে, এ জীবনে, আমার,
অতি শিশুকাল হতে। --- দেখেছি, সকলে
যেই পথে চলে, আর যেই কথা বলে,
সে -পথ আমার নয় --- সে - কথাও নয় !
তবে কেন কাটাতেই এমনি সময়,
এহো বাহ্য যদি সব ! ---আমি কি উন্মাদ !
বামন হয়ে কি আমি পেতে চাই চাঁদ....
---ভাবিয়াছি বসে। সকলের মতো হতে,
সুখে সুখি, দুখে দুখি, সকলের পথে
চলিতেও, চাহিয়াছি। দেখিয়াছি, সুখ
সুখহীন। দুঃখহীন, দুঃখ।
--- এ অসুখ।
আমারই, ভাবিতাম। যদি মহাজনে
এ পথেরি পথী, না হেরিতে এ নয়নে। ...
না হেরিতে, এ পথেই হেঁটে স্বর্গলাভ
হল, কতজনের। ... উন্মাদের প্রলাপ
বকে পাওয়া যায় যদি, সেই অমরতা ---
মানুষের হৃদয়ে ; স্মৃতির ধূসরতা
অতিক্রম করে বেঁচে থাকা যায় পার
হয়ে মৃত্যু ; তবে আমি, নেবো বারবার
বরং উন্মাদ হয়ে, প্রকৃতির স্বাদ--

প্রকৃতিস্থ হলে, কবে হতেম উন্মাদ !...

অনির্বাণ ধরিত্রীপুত্র

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com